DD(ATM)/AAIRO

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, প্রশাসন বিভাগ
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd

Mujib's Bangladesh

বিষয়: "হজ টাস্কফোর্স-২০২৩" এর ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আলম তালুকদার, সদস্য (প্রশাসন) ও আহবায়ক, "হজ টাস্কফোর্স-২০২৩"। |
| তারিখ | : | ২৮-০২-২০২৩ খ্রিঃ, রোজ মঙ্গলবার, সকাল-১১.০০ ঘটিকা। |
| স্থান | : | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, সম্মেলন কক্ষ (লেভেল-৬)। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)-তে সন্নিবেশিত।

সভাপতি অদ্যকার সভায় "হজ টাস্কফোর্স-২০২৩" এর উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। "হজ টাস্কফোর্স-২০২৩" এর মাধ্যমে এ বছর সম্মানিত হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন নির্বিঘ্ন করার লক্ষ্যে সভার আয়োজন করা হয়। এ বছর বাংলাদেশ থেকে ১ লাখ ২৭ হাজার ১৯৮ জন হজে যেতে পারবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ১৫ হাজার এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১ লাখ ১২ হাজার ১৯৮ জন। সম্মানিত হজযাত্রীদের গমন ও প্রত্যাগমন সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রতিনিধি সংশ্লিষ্ট কর্মকর্তা এবং এয়ারলাইন্সসমূহের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়াদি পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :

সিদ্ধান্তসমূহ :

১. সম্মানিত হজযাত্রীদের যথাসময়ে সৌদি আরবে গমনের নিমিত্ত ফ্লাইট সিডিউল প্রণয়ন ও চূড়ান্তকরণের লক্ষ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স পরস্পর সমন্বয় করত: নির্বাহী পরিচালক (হশাআবি)- এর মাধ্যমে তা চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

২. হজযাত্রীদের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সৌদি অংশের (Arrival Immigration) ইমিগ্রেশন সুসম্পন্নকরণের লক্ষ্যে নির্বাহী পরিচালক (হশাআবি) ও সৌদিয়া এয়ারলাইন্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩. হজ পালনের উদ্দেশ্যে গমনকারী হজযাত্রীগণের ডেডিকেটেড ফ্লাইট এর মাধ্যমে যাতায়াত নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪. হজ এজেন্সির মাধ্যমে প্রেরিত সকল হজযাত্রীর যাতায়াতের সুবিধার্থে তাঁদের টিকেটসমূহ সংশ্লিষ্ট বিমান সংস্থা কর্তৃক সমন্বয় করত: হজ এজেন্সির নিকট টিকেট প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। এ ক্ষেত্রে হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) সমন্বয়কের দায়িত্ব পালন করবে।

৫. হজযাত্রীদের সৌদি আরবে সুষ্ঠুভাবে প্রেরণের লক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ০২ টি বোর্ডিং ব্রীজের মাধ্যমে বহির্গমন কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহিত হয়। নির্বাহী পরিচালক (হশাআবি) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬. সিডিউল অনুযায়ী হজযাত্রীদের উপস্থিতি নিশ্চিতকরণ ও তাঁদের নিকট যথাসময়ে টিকিট পৌঁছে দেয়ার লক্ষ্যে হজ অফিস, ঢাকা ও হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-কে অনুরোধ করা হয়। এ ক্ষেত্রে এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) পূর্ণ সহযোগিতা প্রদান করবে।

৭. হজযাত্রীদের স্বাস্থ্য সম্মত খাবার ও বিশুদ্ধ পানি সরবরাহ এবং পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার স্বার্থে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সংলগ্ন এলাকা ও হজক্যাম্পের আশপাশের এলাকায় অবস্থিত হোটেল/রেঁস্তোরাসমূহে মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক (হশাআবি) ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-কে অনুরোধ করা হয়।

৮. হজ মৌসুমে হজক্যাম্প হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে হজযাত্রীদের গমনাগমনে সুষ্ঠুভাবে যানবাহন চলাচল বজায় রাখার লক্ষ্যে ট্রাফিক ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক), ডি.এম.পি. (উত্তর), ঢাকাকে অনুরোধ করা হয়।

৯. সৌদি অংশের ইমিগ্রেশন পদ্ধতিসহ হজ ব্যবস্থাপনায় নতুন কিছু পরিবর্তন, সময়সূচিসহ সামগ্রিক ব্যবস্থাপনা সম্পর্কে হজযাত্রী ও সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস ও হাব ত্রিপক্ষীয়ভাবে এবং সমন্বয়ের মাধ্যমে স্বতন্ত্রভাবে বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় ব্যাপক প্রচার-প্রচারণার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

১০. এ বছর হজ যাত্রী বৃদ্ধি পাওয়ায় সম্মানিত হজযাত্রীদের ব্যাগেজ পরিবহনের জন্য হজক্যাম্প এবং হশাআবিতে পর্যাপ্ত সংখ্যক ট্রলি ও চেয়ার সংরক্ষণ রাখার জন্য নির্বাহী পরিচালক, হশাআবি ও পরিচালক (হজ)-কে অনুরোধ করা হয়।

১১. পবিত্র হজ পালন শেষে প্রত্যেক সম্মানিত হজযাত্রী প্রত্যাবর্তনের সময় বিমানবন্দরে জমজমের পানি পাওয়ার লক্ষ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইন্যাস এয়ারলাইন্স কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ কঠোরভাবে তদারকিসহ অতিরিক্ত ১০% জমজমের পানি সৌদি আরব থেকে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর মাধ্যমে হশাআবি হতে বিতরণ নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

চলমান পাতা-০২

১২. হজযাত্রীদের সৌদি আরবে গমনের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারীকৃত স্বাস্থ্য সংক্রান্ত সকল নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণের জন্য হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-কে অনুরোধ করা হয়।

১৩. হজযাত্রীদের বহনের জন্য হজযাত্রীর সংখ্যা বিবেচনায় রেখে প্রয়োজনীয় সংখ্যক উন্নতমানের বাসের ব্যবস্থা গ্রহণের জন্য হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)-কে অনুরোধ করা হয়।

১৪. মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে হজক্যাম্প ও তাঁর আশপাশের এলাকসমূহ এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মশা নিধনের প্রয়োজনীয় কার্যক্রমে গ্রহণের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও নির্বাহী পরিচালক (হশাআবি)-কে অনুরোধ করা হয়।

১৫. হশাআবিতে সম্মানিত পুরুষ ও মহিলা হজযাত্রীদের নামাজ পড়ার জন্য ০২ টি আলাদা জায়গা, পানি, হ্যান্ড স্যানিটাইজার এবং সাবান ইত্যাদি সরবরাহ নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী পরিচালক, হশাআবিকে অনুরোধ করা হয়।

১৬. হজক্যাম্প হতে হজযাত্রীদের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আনয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক বাস বরাদ্দসহ হজক্যাম্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে প্রতি শিফটে প্রয়োজনীয় লোকবল সংস্থাপনের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে অনুরোধ করা হয়।

১৭. ফ্লাইন্যাস এয়ারলাইন্স এর চেকিং কাউন্টারে SITA কানেক্টিভিটি স্থাপনের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্সকে অনুরোধ করা হয়।

১৮. পবিত্র হজ পালন শেষে নির্বিঘ্নে বিমানবন্দর হতে বের হবার সময় সম্মানিত হাজীদেরকে সহযোগিতা করার জন্য ন্যূনতম ৩০ জন করে তিন শিফটে ৯০ জন কিংবা প্রয়োজন মোতাবেক সংখ্যা বৃদ্ধিসহ স্কাউট সদস্যকে নিয়োগ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধর্মবিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

১৯. হজ মৌসুমে হজক্যাম্পে অবস্থানরত যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকল্পে ফায়ার সেফটির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (হজ)-কে অনুরোধ করা হয়।

২০. হাজীগণের প্রত্যাবর্তনের সময় নিষিদ্ধ দ্রব্যাদি যেমন গোল্ড/সিগারেট/ড্রিংকস (মদ) ইত্যাদি যেন বহন না করেন সে ব্যাগারে হজযাত্রীদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক (হজ) ও হাব-কে অনুরোধ করা হয়।

২১. সার্বিক সমন্বয়ের অধিকতর সুবিধার্থে নিম্নোক্ত কর্মকর্তাদের-কে সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
(খ) পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ সম্পাদক), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
(গ) উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক), ডি.এম.পি. (উত্তর), ঢাকা।
(ঘ) উপ-পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
(ঙ) অফিসার ইনচার্জ, বিমানবন্দর থানা, কুর্মিটোলা, ঢাকা।
(চ) সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
(ছ) কমিশনার, ওয়ার্ড নং-৪৯, ঢাকা সিটি কর্পোরেশন, ঢাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/৬/২০২৩

(মোঃ মাহবুব আলম তালুকদার)
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
ও
আহবায়ক
"হজ টাস্কফোর্স-২০২৩"
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৪১০৯১০০৫ (অফিস)

নথি নং-৩০.৩১.০০০০.২০১.০৩.০০১.২৩-৭৬৪৫

তারিখ : ০২/০৬/২০২৩ খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৫. পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
৬. পরিচালক (হজ), হজ অফিস, আশকোনা, কুর্মিটোলা, ঢাকা।
৭. জনাব মোঃ সাখাওয়াৎ হোসেন, উপসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জনাব জাহিদুল ইসলাম, উপ-সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯. উম্মে হাবিবা, উপ-সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. পরিচালক (এভসেক), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১১. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
১২. পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৩. কমান্ডিং অফিসার, ১৩ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
১৪. প্রকল্প পরিচালক, হশাআবি সম্প্রসারণ প্রকল্প (৩য় টার্মিনাল), হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
১৫. উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক উত্তর), ডি.এম.পি, খিলক্ষেত, ঢাকা।
১৬. যুগ্ম কমিশনার অব কাস্টমস, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৭. জনাব মোহাম্মদ ইকরাম উল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৮. জনাব মোহাম্মদ আবিদুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন) (অঃ দাঃ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৯. জনাব মোঃ তিরান হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২০. পরিচালক (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য), বাংলাদেশ স্কাউট, ৬০ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২১. অফিসার ইনচার্জ, বিমানবন্দর থানা, কুর্মিটোলা, ঢাকা।
২২. প্রতিনিধি, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, হোটেল সোনারগাঁও, ১০৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা।
২৩. প্রতিনিধি, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তার সেন্টার, ১৬তলা, ৩০/এ, নয়া পল্টন, ঢাকা।
২৪. প্রতিনিধি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব), সাত্তার সেন্টার, ১৬তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
২৫. সিইও/প্রতিনিধি, ফ্লাইন্যাস এয়ারলাইন্স, ১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রূপায়ন ট্রেড সেন্টার (২য় তলা), বাংলা মটর, ঢাকা।
২৬. প্রতিনিধি, বিজনেস অটোমেশন লিমিটেড, বিডিবিএল ভবন, লেভেল-৯, ১২ কাওরান বাজার, ঢাকা।
২৭. কমিশনার, ওয়ার্ড নং-৪৯, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২৮. স্বাস্থ্য বিভাগ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো</u> (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (পরিঃ/পরিঃ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. মাননীয় মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সদস্য (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন : ৪১০৯১০৫১ (অফিস)